

الْغُفُورُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩৫ তম নাম ‘الْغُفُورُ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْغُفُورُ’ শব্দের মূল ر - ف - غ , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৩৪ বার এসেছে। ক্ষমা করা, ক্ষমা চাওয়া, অত্যন্ত ক্ষমাশীল, অবিরাম ক্ষমা করনেওয়ালা অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْغُفُورُ অর্থ: ‘তিনি অত্যন্ত ক্ষমাশীল, অবিরাম ক্ষমা করনেওয়ালা’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَإِنْ يَمْسَسْكَ اللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ وَإِنْ يُرِدْكَ بِخَيْرٍ فَلَا رَادَّ لِفَضْلِهِ
يُصِيبُ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَهُوَ الْغُفُورُ الرَّحِيمُ ﴿١٠٧﴾

আল্লাহ তোমাকে কোন অকল্যাণ দিলে তিনি ছাড়া তা দূর করার আর কেউই নেই। তিনি যদি তোমাকে কোন কল্যাণ দান করেন, তবে তাঁর অনুগ্রহ রদ করারও কেউই নেই। তিনি তাঁর দাসদের যাকে ইচ্ছা নিজ অনুগ্রহ দান করেন। তিনি মহা ক্ষমাশীল, মহা দয়াময়। (সূরা ইউনুছ: আয়াত নং ১০৭)

نَبِّئْ عِبَادِي أَنِّي أَنَا الْغُفُورُ الرَّحِيمُ ﴿٤٩﴾

আমার দাসদের সংবাদ দাও, নিশ্চয়ই আমি মহা ক্ষমাশীল, মহা দয়াময়। (সূরা আল হিজর: আয়াত নং ৪৯)

ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِينَ هَاجَرُوا مِنْ بَعْدِ مَا فُتِنُوا ثُمَّ جَاهَدُوا وَصَبَرُوا إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا
لَغُفُورٌ رَحِيمٌ ﴿١١٠﴾

যারা নির্যাতিত হবার পর হিজরত করেছে তারপর জিহাদ করেছে এবং অটল থেকেছে তোমার প্রভু এই অটল থাকার পর তাদের প্রতি অবশ্যই পরম ক্ষমাশীল, দয়াবান। (সূরা আন নাহল: আয়াত নং ১১০)

قُلْ يُعْبَادِي الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ
جَمِيعاً إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴿٥٣﴾

(হে নবী বলে দাও আমার একথা) হে আমার দাসেরা, যারা নিজেদের প্রতি যুলুম-অবিচার করেছো, আল্লাহর
রহমত থেকে নিরাশ হয়ে না, আল্লাহ সমস্ত পাপই ক্ষমা করে দেবেন, কারণ তিনি তো পরম ক্ষমাশীল, অতীব
দয়াবান। (সূরা যুমার: আয়াত নং ৫৩)

বুখারী এবং মুসলিম শরীফের হাদিস-

রাসূল সাঃ বলেন: আমার প্রত্যেক অনুসারীকে ক্ষমা করা হবে, তাদেরকে ব্যতীত যারা পাপ কাজ করে এবং
তা প্রচার করে বেড়ায়।

রাতে কোন ব্যক্তি গোপনে অন্যায় কাজ করলে, আল্লাহ তা চেকে রাখেন, প্রকাশ হতে দেন না। সকালবেলা
সে ব্যক্তি নিজেই লোকদেরকে বলে বেড়ায় আমি রাতে এই পাপ কাজ করেছি। আল্লাহ যেটা চেকে
রেখেছিলেন, সে নিজেই সেটা প্রকাশ করে দিল।

আল্লাহ পরম ক্ষমাশীল, অবিরাম ক্ষমা করনেওয়াল। তিনি ঘোষণা করেছেন, তিনি সব পাপই ক্ষমা করে
দেবেন, কিন্তু শিরকের পাপ ক্ষমা করবেন না।

আসুন, শিরকে লিপ্ত না হয়ে, আমরা আল্লাহর ক্ষমার যোগ্য হয়ে যাই। আল্লাহর ক্ষমা লাভ করলে দুনিয়া ও
আখেরাতে আমাদের প্রভূত কল্যাণ সাধিত হবে। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।